

ছাত্রদলের বিক্ষুব্ধদের আন্দোলন স্থগিত

নিজস্ব প্রতিবেদক

১১ জুন ২০১৯ ২৩:৫৮ | আপডেট: ১২ জুন ২০১৯ ০১:৩৩



ছাত্রদলের বিলুপ্ত কমিটির বিক্ষুব্ধ নেতাকর্মীদের আন্দোলন সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। ছাত্রদলের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকদের নিয়ে গঠিত সার্চ কমিটির নেতাদের সঙ্গে বৈঠক শেষে তারা এই সিদ্ধান্ত ঘোষণা দেন।

অঙ্গলবার রাতে গুলশানে চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে বৈঠক শেষে বিলুপ্ত কমিটির সহসভাপতি ইখতিয়ার রহমান কবির দৈনিক আমাদের সময়কে বিষয়টি নিশ্চিত করেন।

তিনি বলেন, ‘সার্চ কমিটির নেতারা বলছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সাথে কথা বলে আমাদের একটা সিদ্ধান্ত দেবেন। ইতিবাচক সিদ্ধান্ত দেবেন এই আশাতেই আমরা আমাদের কর্মসূচি সাময়িক ভাবে স্থগিত করেছি।’

তবে জানা গেছে, তাদের দাবি না মানলে আগামী বৃহস্পতিবার থেকে আবার তারা বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে তালা ঝুলিয়ে অনশন কর্মসূচি পালনে অনড় থাকার সিদ্ধান্ত নিয়েছে।

এর আগে মঙ্গলবার সকাল থেকে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে তালা ঝুলিয়ে কর্মসূচি পালন করে বিলুপ্ত কমিটির নেতাকর্মীরা।